দৈনিক ইত্তেফাক
040—A
তারিখ 02 JUL 1987
পৃষ্ঠা ১ কলাম ২
১৭ই আষাঢ় ১৩৯৪ বং



পরীক্ষার ফলাফল জানার জন্য বোর্ড অফিসের সম্মুখে প্রচণ্ড ভীড় —ইত্তেফাক

# এস এস সি পরীক্ষায় চারটি বোর্ডে পাসের হার ৫৯.৮১

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (বুধবার) দেশের ৪টি শিক্ষাবোর্ডের এস, এস, সি, পরীক্ষার ফলাফল প্রকাশিত হইয়াছে। ৪টি বোর্ডের মোট ৩ লক্ষ ৬০ হাজার ৫ শত ২ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করিয়াছে ২ লক্ষ ১৫ হাজার ৬ শত ৯ জন। সকল বোর্ডের গড়ে পাসের হার ৫৯ দশমিক ৮১।

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## সম্মিলিত মেধা তালিকা

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (বুধবার) চারটি বোর্ডের এস এস সি পরীক্ষায় যাহারা সম্মিলিত মেধা তালিকায় স্থান পাইয়াছে তাহাদের নাম নীচে দেওয়া হইল:

### ঢাকা বোর্ড

১ম আরিফ আহমদ (মির্জা-
পুর ৪৬২০৩) মির্জাপুর ক্যাডেট
কলেজ-৮৪৬। ২য় সাইফ আব-
দুল্লাহ হারুন (ঢাকা-১) গবর্ণমেণ্ট
ল্যাবরেটরী হাইস্কুল-৮৩৬। ৩য়
যথাক্রমে সৈয়দ ইশতিয়াক আহ-
মদ (ঢাকা-৭৮৯) ইঞ্জিনিয়ারিং
ইউনিভার্সিটি স্কুল ও শামীমুর
রহমান (মির্জাপুর-৪৬১৮২)
মির্জাপুর ক্যাডেট কলেজ-৮৩৪।

(১১শ পৃঃ দ্রঃ)

### যশোর বোর্ড

১ম মোঃ আমিনুল হক (ক্যাডেট ৪৩) বরিশাল ক্যাডেট কলেজ-৮৪৫। ২য় সুনন্দন বিশ্বাস (যশোর ক্যাণ্ট ১) দাউদ পাবলিক স্কুল-৮৩৯। ৩য় আসলাম খায়ের (ক্যাডেট ১০) ঝিনাইদহ ক্যাডেট কলেজ-৮৩৭। ৪র্থ মোঃ আবদুল্লাহ ইকবাল

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

### রাজশাহী বোর্ড

১ম মোহাম্মদ গোলাম সাক-লায়েন (ক্যাডেট-১) রাজশাহী ক্যাডেট কলেজ-৮৮৬। ২য় মোহাম্মদ শফিউল আলম (ক্যাডেট-৯) রাজশাহী ক্যাডেট কলেজ-৮৬২। ৩য় মোঃ সুজা শাহরিয়ার (ক্যাডেট-২) রাজশাহী ক্যাডেট কলেজ-৮৫৭।

(২য় পৃঃ দ্রঃ)

### কুমিল্লা বোর্ড

প্রথম—মোহাম্মদ জসীমউদ্দীন (কুম-১-৩৫০) প্রাপ্ত নম্বর ৮৩২, কুমিল্লা জেলা স্কুল। দ্বিতীয়—মোহাম্মদ রুবায়েত হাসান (কুম-১-৩৫৯), ৮২৭, কুমিল্লা জিলা স্কুল ও কাজী মোহাম্মদ খালেক (সিকক-২৩) সিলেট ক্যাডেট কলেজ। তৃতীয় মোঃ কামরুজ্জামান (সিকক-১১), ৮২৫, সিলেট ক্যাডেট কলেজ। ৪র্থ—

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## অভিভাবক পরীক্ষার্থীদের দুঃসহ দুর্ভোগ

(ইত্তেফাক রিপোর্ট)

পরীক্ষার ফল প্রকাশের দিনে পরীক্ষার্থী ও অভিভাবকদের অসহনীয় দুর্ভোগের দৃশ্য গতকালও (বুধবার) ঢাকা নগরীতে লক্ষ্য করা গিয়াছে। বোর্ড ভবনের বহির্দিকে গতকাল

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)



ঢাকা বোর্ডে প্রথম আরিফ গর্বিত পিতা-মাতার সাথে—ইত্তেফাক



যশোর বোর্ডে প্রথম আমিনুল হক গর্বিত পিতা-মাতার সাথে —ইত্তেফাক

## আরিফ হইবে কম্পিউটার প্রকৌশলী

(ইত্তেফাক রিপোর্ট)

আরিফ কম্পিউটার প্রকৌশলী হইতে চায়।

ঢাকা বোর্ডে এসএসসি পরীক্ষার সম্মিলিত মেধা তালিকায় আরিফ আহমদ ওরফে শোভন পাঁচটি বিষয়ে লেটার মার্কসসহ

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## লিটন মেরিন ইঞ্জিনিয়ার হইবে

(ইত্তেফাক রিপোর্ট)

আমিনুল হক লিটন মেরিন ইঞ্জিনিয়ার হইতে আগ্রহী।

বরিশাল ক্যাডেট কলেজের ছাত্র লিটন ৬টি বিষয়ে লেটার নম্বরসহ ৮৪৫ নম্বর পাইয়া যশোর বোর্ডের এস এস সি পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকার করি-

শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)



কুমিল্লা বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় প্রথম জসীম উদ্দীন গর্বিত পিতামাতার সহিত —ইত্তেফাক

## জসীম ডাক্তার হইবে

কুমিল্লা, ১লা জুলাই (নিজস্ব সংবাদদাতা)— কুমিল্লা জেলা স্কুলের ছাত্র জসীমউদ্দিন এই বৎসরের কুমিল্লা বোর্ড মাধ্যমিক পরীক্ষায় ৮৩২ নম্বর পাইয়া ৫টি লেটারসহ সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকার করিয়াছে। এক সাক্ষাৎকারে সে

(২য় পৃঃ দ্রঃ)

দৈনিক ইত্তেফাক

40-B

তারিখ 02 JUL 1989
পৃষ্ঠা ... ... B কলাম 2

## রাজশাহী বোর্ড

(১ম পৃঃ পর)

৪র্থ এ, কে, এম, কামরুল রুমজান (ক্যাডেট ২৮) রাজশাহী ক্যাডেট কলেজ--৮৪০ ৫ম মাহজুবা উম্মে সালাম (রাজ-ম ৭২২) রাজশাহী পি, এন, সরকারী বালিকা বিদ্যালয় ৮৩৭। ৬ষ্ঠ যথাক্রমে সাবরিনা জেসমিন (রাজ-ম ৪৫০) রাজশাহী বিশ্ববিদ্যালয় স্কুল, মোঃ আহসান হাবিব (ক্যাডেট ৩) রাজশাহী ক্যাডেট কলেজ-৮৩৬। ৭ম যথাক্রমে ইরাম শাহজাদ (সৈয়দ ২৫০) ক্যান্টনমেণ্ট পাবলিক স্কুল কলেজ সৈয়দপুর, এ কে, এম, আফজাল হোসেন (পাব ক্যাডেট ৫) পাবনা ক্যাডেট কলেজ-৮৩৫। ৮ম যথাক্রমে হাসিনুল ইসলাম (ক্যাডেট ১০), মোঃ ইউসুফ আলী ক্যাডেট ১৩) রাজশাহী ক্যাডেট কলেজ ও মনিরুল ইসলাম খন্দকার (রং ৩) রংপুর জিলা স্কুল-৮৩৩। ১০ম যথাক্রমে রেজওয়ানুল ইসলাম (রাজ ৪৬৪) রাজশাহী বিশ্ববিদ্যালয় স্কুল, মোঃ আব্দুর রকিব সিদ্দিক (নলগাই ২২৬) লক্ষ্মীপুর দ্বিমুখী উচ্চ বিদ্যালয়-৮২৮। ১১শ যথাক্রমে মোঃ তৌফিকুল আলম (ক্যাডেট-৮) রাজশাহী ক্যাডেট কলেজ, আবুল কাশেম মোঃ হাসান (দিন-১) দিনাজপুর জিলা স্কুল-৮২৭। ১২শ তাহাজ্জল হোসেন (ক্যাডেট ৪৬) রাজশাহী ক্যাডেট কলেজ-৮২৫। ১৩শ যথাক্রমে সাদরুল আলম হাফিজ (ক্যাডেট ৪০) রাজশাহী ক্যাডেট কলেজ, মোঃ ইয়াসীন রেজা (রং ১৮) রংপুর ক্যাডেট কলেজ-৮২৪। ১৪শ যথাক্রমে ফিরোজ কবীর (ক্যাডেট ৪২) রাজশাহী ক্যাডেট কলেজ, শাহানা নাজনিন (বগম ৩৩৯) বগুড়া সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়-৮২৩। ১৫শ যথাক্রমে জ্যোতির্ময় সরকার (ক্যাডেট ৪), মাসুদ আরিফ মোজাম্মেল (ক্যাডেট ১৪) রংপুর ক্যাডেট কলেজ-৮২২। ১৬শ মুহাম্মদ শফিউল কাদের (ক্যাডেট ৬), সাজ্জাদ হোসেন (ক্যাডেট ৩৮) রাজশাহী ক্যাডেট কলেজ-৮২০। ১৭শ শাহাদাত হোসেন (ক্যাডেট ৪০) পাবনা ক্যাডেট কলেজ-৮১৮। ১৮শ যথাক্রমে মোহাম্মদ কুদরত ই-এলাহী (রং ক্যাডেট ২৮) রংপুর ক্যাডেট কলেজ, জাহানারা বেগম (রাজ-ম ৭২৩) রাজশাহী সরকারী পি, এন উচ্চ বালিকা বিদ্যালয়-৮১৭। ১৯শ যথাক্রমে মোছাঃ নাজমুন নাহার (গাই-ম ১৮০) গাইবান্ধা সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, এ, কে, এম মনওয়ারুল ইসলাম (রাজ ৩৫০) রাজশাহী সরকারী ল্যাবরেটরী হাই স্কুল, মোঃ জাহিদুল হাসান (ক্যাডেট ৯) পাবনা ক্যাডেট কলেজ, আ, ন ম এহসানুল করিম (বগ ১) বগুড়া জিলা স্কুল, জিয়া শওকত (জয় ২২০) কেজি এবং উচ্চবিদ্যালয় জয়পুরহাট চিনিকল-৮১৬। ২০শ খন্দকার গোলাম মোয়াজ্জেম (রং ক্যাডেট- ৮) রংপুর ক্যাডেট কলেজ-৮১৫।

## এসএসসি পরীক্ষা

(১ম পৃঃ পর)

ঢাকা বোর্ডে পাসের হার ৫৬ দশমিক ৬৩। কুমিল্লা বোর্ডে পাসের হার ৬৫ দশমিক ১৮। রাজশাহী বোর্ডে পাসের হার ৬১ দশমিক ৬৮। যশোর বোর্ডে পাসের হার ৫৬ দশমিক ৪৪।

৪টি বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় ১ম হইয়াছে রাজশাহী ক্যাডেট কলেজের মোহাম্মদ গোলাম সাকলায়েন; প্রাপ্ত নম্বর ৮৮৬। দ্বিতীয় হইয়াছে ঢাকা বোর্ডের মির্জাপুর ক্যাডেট কলেজের আরিফ আহমাদ; প্রাপ্ত নম্বর ৮৪৬। তৃতীয় হইয়াছে যশোর বোর্ডের বরিশাল ক্যাডেট কলেজের মোঃ আমিনুল হক; প্রাপ্ত নম্বর ৮৪৫। চতুর্থ হইয়াছে কুমিল্লা জেলা স্কুলের মোহাম্মদ জসীম উদ্দিন; প্রাপ্ত নম্বর ৮৩২।

## যশোর বোর্ড

(১ম পৃঃ পর)

(ক্যাডেট ১৬) ঝিনাইদহ ক্যাডেট কলেজ-৮৩৬)। ৫ম নাফিজ ইমতিয়াজ (ক্যাডেট ৫) বরিশাল ক্যাডেট কলেজ-৮২৯। ৬ষ্ঠ যথাক্রমে মুহম্মদ মঞ্জুরুল ইসলাম আনওয়ারী (ক্যাডেট-৬) ঝিনাইদহ ক্যাডেট কলেজ, আহমেদ আল মারুফ (যশোর ক্যান্ট ৩) দাউদ পাবলিক স্কুল-৮২৭। ৭ম যথাক্রমে মোহাম্মদ নুরুল ইসলাম শরীফ (ক্যাডেট ১) মোঃ রকিবুল হাসান (ক্যাডেট ৭) বরিশাল ক্যাডেট কলেজ-৮২৬। ৮ম মোঃ আনিসুর রহমান (ক্যাডেট ৩৬) বরিশাল ক্যাডেট কলেজ-৮২৫। নবম মোঃ আলতাফ হোসেন (ক্যাডেট ৩) বরিশাল ক্যাডেট কলেজ-৮২৪। দশম মুহম্মদ রাহাত উজ্জামান (ক্যাডেট-১১) বরিশাল ক্যাডেট কলেজ-৮২১। ১১শ শেখ মুহম্মদ আশিক ইকবাল ফারুকী (ক্যাডেট-২) ঝিনাইদহ ক্যাডেট কলেজ-৮১৯। ১২শ যথাক্রমে সাকিলা ইসরাত নাসরিন (ম-২৩৫) পাতারহাট মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও কে,এম মাহবুবুর রশিদ (কুষ্টিয়া-১) কুষ্টিয়া জেলা স্কুল-৮১৮। ১৩শ মোঃ আখতার হোসেন (যশোর ২৯১) নতুন খায়েরতলা মাধ্যমিক বিদ্যালয়—৮১৬। ১৪শ সৈয়দ মইনুল হাসান (ক্যাডেট-৩) ঝিনাইদহ ক্যাডেট কলেজ—৮১৫। ১৫শ রিয়াদ সোলেমান (ক্যাডেট ১৬) রিশাল ক্যাডেট কলেজ-৮১৩। ১৬শ কাজী আহমেদ হাসান তারেক (ক্যাডেট ৭) ঝিনাইদহ ক্যাডেট কলেজ-৮১১। ১৭শ যথাক্রমে জাহিদ ইকবাল (কলারোয়া ১) জি, কে, এম কে মাধ্যমিক বিদ্যালয়, শরীফুজ্জামান (যশোর-১) যশোর জিলা স্কুল, এস, এম, জুলফিকার সেকেন্দার (শৈলকুপা ৬৯) বেণীপুর মাধ্যমিক বিদ্যালয়-৮১০। ১৮শ যথাক্রমে মনজুরুল কবীর (ক্যাডেট১) বরিশাল ক্যাডেট কলেজ, জিয়াউল ইসলাম (ক্যাডেট-৩১) ঝিনাইদহ ক্যাডেট কলেজ, আবদুল করিম (দশমিনা-৫৩) দশমিনা মাধ্যমিক বিদ্যালয়—৮০৮। ১৯শ সাইদুর রহমান (ক্যাডেট ২৯) ঝিনাইদহ ক্যাডেট কলেজ—৮০৬। ২০শ সোহেল মাহমুদ (ক্যাডেট ১) ঝিনাইদহ ক্যাডেট কলেজ--৮০৫।

## আরিফ

(১ম পৃঃ পর)

মোট ৮৪৬ নম্বর পাইয়া প্রথম স্থান অধিকার করিয়াছে। সে মীর্জাপুর ক্যাডেট কলেজের ছাত্র।

বাংলাদেশ প্রকৌশলী বিশ্ববিদ্যালয়ের প্রথম ব্যাচের প্রকৌশলী রশিদ আহমদ ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৬৮ সনের এম, এস-সি (জীববিদ্যা) মিসেস রওশন আরা বেগমের পুত্র আরিফ। রশিদ আহমদ ১৯৭২ সাল হইতে নিজস্ব ব্যবসায় বাণিজ্য চালাইয়া আসিতেছেন, মিসেস রশিদ বর্তমানে লায়নেস ক্লাব ও সমবায় সমিতির সহিত যুক্ত। আরিফের মামা সিপিবি নেতা সাইফউদ্দিন আহমদ মানিক আরিফ সপ্তম শ্রেণী হইতে মীর্জাপুর ক্যাডেট কলেজের ছাত্র। সে প্রাথমিক বৃত্তি পায় নাই, আর জুনিয়র বৃত্তি পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ নাই—ক্যাডেট কলেজের ছাত্র বলিয়া। নবম শ্রেণী হইতে দশম শ্রেণীতে উত্তরণের পরীক্ষায় সে দ্বিতীয় স্থান লাভ করিয়াছিল, তবে এসএসসি-এর টেষ্ট পরীক্ষায় তৃতীয় হয়। আরিফ গতকাল (বুধবার) সন্ধ্যায় তাহাদের বনানীর বাসায় এক সাক্ষাৎকারে জানায়, সে এইচ এস সি বিজ্ঞান শাখায় বর্তমান কলেজেই অধ্যয়ন করিবে। পরে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে কম্পিউটার প্রকৌশল বিষয়ে অধ্যয়নের ইচ্ছা আছে। পরে আরও উচ্চ শিক্ষা লাভেও আগ্রহী।

আরিফ ফুটবল ও টেবিল টেনিসের ভালো খেলোয়াড়; কলেজের সকল ছাত্রের মধ্যে ১৯৮৩ ও ১৯৮৪ সনে শ্রেষ্ঠ ফুটবল খেলোয়াড় ছিল, টেবিল টেনিসে সে অষ্টম শ্রেণী হইতে এসএসসি পর্যন্ত কলেজ চ্যাম্পিয়ন ছিল। ছবি আঁকা, গল্প পাঠ ও গান শোনা তাহার সখের বিষয়। উচ্চবিত্ত পরিবারের আরিফ চালচলনে সৌজন্যবোধে খুবই চটপটে।

40-C

তারিখ ... 02 JUL 198[illegible] ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 2 ...

## এসএসসি পরীক্ষা

(১ম পৃঃ পর)

ঢাকা বোর্ডে ১ লক্ষ ১১ হাজার ৩ শত ২৪ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করিয়াছে ৬৩ হাজার ৪৬ জন। ইহাদের মধ্যে ১ম বিভাগ পাইয়াছে ১০ হাজার ১ শত ৮০ জন, দ্বিতীয় বিভাগ পাইয়াছে ৪৩ হাজার ২ শত ৩৭ জন, তৃতীয় বিভাগ পাইয়াছে ৯ হাজার ৬ শত ২৯ জন।

যশোর বোর্ডে মোট ৭৮ হাজার ৭ শত ৬৩ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করিয়াছে ৪৪ হাজার ৪ শত ৬০ জন। তন্মধ্যে ১ম বিভাগে ৮ হাজার ৯১ জন, দ্বিতীয় বিভাগে ২৯ হাজার ৯ শত ৯ জন এবং তৃতীয় বিভাগে ৬ হাজার ৬ শত ৪০ জন উত্তীর্ণ হইয়াছে।

কুমিল্লা বোর্ডে মোট ৮৫ হাজার ২ শত ৫ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করিয়াছে ৫৫ হাজার ৫ শত ৪২ জন। তন্মধ্যে প্রথম বিভাগে ৮ হাজার ৯ শত ৮৯ জন, ২য় বিভাগে ৩৮ হাজার ৫ শত ৩০ জন এবং তৃতীয় বিভাগে ৮ হাজার ২৩ জন উত্তীর্ণ হইয়াছে।

রাজশাহী বিভাবে মোট ৮৫ হাজার ২ শত ১০ জন পরীক্ষার্থীর মধ্যে ৫২ হাজার ৫ শত ৬১ জন পাস করিয়াছে। তন্মধ্যে ১ম বিভাগে ৮ হাজার ৬ শত ২ জন, ২য় বিভাগে ৩৩ হাজার ৯ শত ৬৩ জন এবং তৃতীয় বিভাগে ৯ হাজার ৯ শত ৯৬ জন উত্তীর্ণ হইয়াছে।

## কুমিল্লা বোর্ড

(১ম পৃঃ পর)

শেখ মোহাম্মদ আলী (কুম-৩-৭), ৮২৪, কুমিল্লা ক্যাডেট কলেজ ও মোহম্মদ কামরুল আবেদীন (কুম-৩-৮) কুমিল্লা ক্যাডেট কলেজ। ৫ম—শাহবাজ নজরুল (কুম-৩-১২), ৮২১, কুমিল্লা ক্যাডেট কলেজ। ৬ষ্ঠ—নওশাদ আমিন (কু-ম৩-২৮), ৮১৯, কুমিল্লা ক্যাডেট কলেজ ও মোঃ রকিবুর উদ্দীন খান (ফৌজ-২১), ফৌজদারহাট ক্যাডেট কলেজ। ৭ম—নাজনীন আক্তার জাহান (কুম-১-ম-৯৭২) ৮১৭, ফয়জুন্নেসা সরকারী উচ্চ বালিকা বিদ্যালয় ও মাহবুবা আক্তার (কুম-১-ম ৯৬৬, ফয়জুন্নেসা সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়। ৮ম—মোহাম্মদ ইমরান হোসেন (কুম-১-২৪২), ৮১৬, কুমিল্লা জিলা স্কুল। ৯ম—সাবরিন জাহান (কুম-১-ম-১১৮৫) ৮১৫, আওয়ার লেডি অব ফাতিমা বালিকা উচ্চ বিদ্যালয় ও মোহাম্মদ শামসুল আলম (চিট-১-১০৫৭), চট্টগ্রাম কলেজিয়েট স্কুল। ১০ম—প্রদীপ কুমার দাস (সিলেট-১৩১৪) ৮১৩, সিলেট এইডেড হাই স্কুল। সোহেল মাহমুদ (ছাতক-২৪৭), সিলেট পাল্প এণ্ড পেপার মিলস উচ্চ বিদ্যালয় ও মোহাম্মদ নূরুল আনোয়ার (চিট-১-৯৩১), চট্টগ্রাম কলেজিয়েট স্কুল। ১১শ মোঃ জালাল উদ্দিন (সিকক-৫৫) ৮১২, সিলেট ক্যাডেট কলেজ। ১২শ মুহম্মদ সরওয়ার (কুম-৪-১৬০), ৮১০, কুমিল্লা ল্যাবরেটরী স্কুল। ১৩শ মোঃ আজমল হোসেন খান (লক্ষ্মী-৪৭৩) ৮০৯, লক্ষ্মীপুর আদর্শ সামাদ হাইস্কুল। ১৪শ প্রিয়তোষ কুমার তালুকদার (চিট-১-৯৩২), ৮০৭, চট্টগ্রাম কলেজিয়েট স্কুল। ১৫শ—কাজী ফাহমিদা লুসী (কুম-১-ম ৯৮১) ৮০৬, ফয়জুন্নেসা সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়, মোহাম্মদ নূরুল হুদা (নোয়া-১-৩০৯) নোয়াখালী জিলা স্কুল ও মোঃ ফখরুল মেহের তালুকদার (সিকক-১০), সিলেট ক্যাডেট কলেজ। ১৬শ সৈয়দ মাহবুব রহমান (কুম-১-৩৪৩), ৮০৫, কুমিল্লা জিলা স্কুল ও সত্যজিৎ দত্ত (চিট-১-১৭৬৯), চট্টগ্রাম সেন্ট প্ল্যাসিডস হাইস্কুল। ১৭শ মোহাম্মদ রিজওয়ানুর রহমান (কুম-৩-১৫), ৮০৪, কুমিল্লা ক্যাডেট কলেজ, মোঃ মুজীবর রহমান (ব্রাহ্মণপাড়া-১৬৭), মাধবপুর হাইস্কুল, মোঃ ইমতিয়াজ ইসলাম (সিলেট-১০২২), সিলেট সরকারী পাইলট স্কুল। ১৮শ মোহাম্মদ মাকসুদ আলম (কুম-৩-২১), ৮০৩, কুমিল্লা ক্যাডেট কলেজ। ১৯তম-মাহবুবুল কবীর (লক্ষ্মী-৪৭২), ৮০২, লক্ষ্মীপুর আদর্শ সামাদ উচ্চ বিদ্যালয় ও মেহেদী মাসুদ (চান্দিনা-৩৬৪), চান্দিনা পাইলট হাইস্কুল। ২০তম আহমেদ মেহেদী ইমাম (কুম-১-৩৫১), ৮০১, কুমিল্লা জিলা স্কুল।

...নিক ইত্তেফাক

তারিখ 02 JUL 1989
পৃষ্ঠা 1 কলাম 2

40-D





কুমিল্লা বোর্ডে যুগ্মভাবে দ্বিতীয় স্থান লাভ করিয়াছে সিলেট ক্যাডেট কলেজের কাজী মোহাম্মদ খালেদ। খালেদ ফলিত পদার্থবিদ্যায় উচ্চশিক্ষা গ্রহণে আগ্রহী। সে ব্রাহ্মণবাড়ীয়ার নবীনগরের ভোলাবাড়ী নিবাসী ঢাকায় একটি সংস্থার অফিসার কাজী আলাউদ্দিনের পুত্র

## কুমিল্লা বোর্ডে লুবনা ও লিমা মেয়েদের মধ্যে যুগ্ম প্রথম

কুমিল্লা, ১লা জুলাই (নিজস্ব সংবাদদাতা)--কুমিল্লা ফয়েজুন্নেসা সরকারী বালিকা বিদ্যালয়ের ছাত্রী নাজনীন আখতার জাহান লুবনা যুগ্মভাবে মেয়েদের মধ্যে প্রথম ও সম্মিলিত মেধা তালিকায় ৭ম স্থান অধিকার করে। সে চাকুরীজীবী আবদুল কুদ্দুসের জ্যেষ্ঠা কন্যা।

কুমিল্লা ফয়েজুন্নেসা সরকারী বালিকা বিদ্যালয়ের ছাত্রী মাহবুবা আকতার লিমা কুমিল্লা বোর্ডে যুগ্মভাবে মেয়েদের মধ্যে প্রথম ও মেধা তালিকায় ৭ম স্থান লাভ করিয়াছে। সে মরহুম ডাঃ মোরশেদ আলম ও বেগম আজমের দ্বিতীয় সন্তান। লিমা ডাক্তার হইবে।



## শাহনাজের কোন গৃহশিক্ষক ছিল না

(ইত্তেফাক রিপোর্ট)

শাহনাজ ডাক্তার হইতে আগ্রহী। ঢাকা বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় পাঁচটি বিষয়ে লেটার নম্বরসহ মোট ৮ শত ২৫ নম্বর পাইয়া যৌথভাবে নবম স্থান এবং মহিলাদের মধ্যে প্রথম স্থান লাভ করিয়াছে। নিম্নবিত্ত পরিবারের শাহনাজের বাবা রেজাউল করিম রপ্তানি উন্নয়ন ব্যুরোর সহকারী পরিচালক, তাহার মা একজন গৃহবধূ। সে সাংবাদিকদের জানায়, তাহার কোন গৃহশিক্ষক ছিল না। তাহারা দুই বোন, ছোট বোনটি অষ্টম শ্রেণীতে বৃত্তি পাইয়াছে। উত্তর শাহজাহানপুরে হাজার খানেক টাকার ভাড়ায় টিনের বাসায় খুবই সাদামাটা জীবনযাপন করে এই পরিবারটি।